# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১২৫

৩. ইলম বা বিদ্যা (كتاب العلم)

পরিচ্ছেদঃ ৯) জ্ঞান লাভ করে আমল না করা এবং যা করে না তা বলার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من أن يعلم ولا يعمل بعلمه ويقول ولا يفعله

আরবী

(صحيح) قال وإِنِّيْ سَمِعْتُهُ يَقُوْلُ يَعْنِيْ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، مَرَرْتُ لَيْلَةَ أُسْرِيَ بِيَ عَلَى بِأَقْوامٍ تُقْرَضُ شِفَاهُهُمْ بِمَقَارِيضَ مِنْ نارٍ قُلْتُ: مَنْ هَؤُلَاءِ يَا جِبْرِيْلُ؟ قَالَ: خُطَبَاءُ الَّذِينَ يَقُولُونَ مَا لَا يَفْعَلُونَ. رواه البخاري ومسلم واللفظ له ورواه ابن أبي الدنيا وابن حبان والبيهقي من حديث أنس

বাংলা

১২৫. (সহীহ্) তিনি[1] আরো বলেনঃ আমি শুনেছি তিনি- অর্থাৎ নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেছেনঃ

’’মে’রাজের রাতে আমি একদল লোকের নিকট দিয়ে অতিক্রম করেছি। যাদের ঠোঁটগুলো আগুনের কেঁচি দ্বারা কাটা হচ্ছিল। আমি জিজ্ঞেস করেছি এরা কারা হে জিবরীল? তিনি বলেছেনঃ এরা আপনার উম্মতের বক্তাশ্রেণী। তারা এমন কথা বলতো যা নিজেরা আমল করতো না।’’

(বুখারী ৩২৬৭ ও মুসলিম ২৯৮৯) হাদীছের বাক্য মুসলিমের।[2]

হাদীছটি[3] ইবনে আবী দুনিয়া ৫১২, ইবন হিব্বান ৫৩ ও বায়হাক্বী ৭৭৩ আনাস (রাঃ)এর বরাতে বর্ণনা করেছেন।

ইবনে আবী দুনিয়া ও বায়হাক্বী তাদের বর্ণনায় নিম্নের কথাটি বৃদ্ধি করেনঃ وَيَقْرَءُونَ كِتَابَ اللهِ وَلَا يَعْمَلُونَ

’’তারা আল্লাহর কিতাব পাঠ করতো কিন্তু তার প্রতি আমল করতো না।’’

ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেনঃ একথায় বুঝা যায় যে, এ হাদীছটিও উসামা বিন যায়দ বর্ণনা করেছেন। কিন্তু আসলে তা নয়; বরং উহা বর্ণনা করেছেন আনাস বিন মালেক (রাঃ)।

[2] . শায়খ আলবানী বলেনঃ লিখক বুঝাতে চেয়েছেন যে পূর্বের হাদীছটি এবং এটি বুখারী ও মুসলিমের বর্ণনা। একথা সঠিক নয়। পূর্বেরটি বুখারী ও মুসলিমের ঠিকই কিন্তু তার বাক্য বুখারী থেকে চয়ন করা হয়েছে। আর দ্বিতীয় হাদীছটি বর্ণনা করেছেন ইমাম আহমাদ ও ইবনে হিব্বান।

[3] . অর্থাৎ আনাস বিন মালেক (রাঃ) বর্ণিত মেরাজের হাদীছটি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87885

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন